भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL 220160

থানা বেহালা, মৌজা হাঁসপুকুরিয়া
০৫ শতক জমি ১,২৫,০০০ টাকা মূল্যের
সাফ বিক্রয় কোবালা পত্র ঃ-

Certified that the document is admitted to Registration. The signature sheet and the endorsement sheets attached with the document are the part of this document.

Addl. District Sub-Registrar, Behala, South 24 Parganas

12 MAY 2008

কোবালা গ্রহীতা ঃ শ্রী দেবদত্ত মন্ডল, পিতা স্বর্গীয় অনিল মন্ডল জাতি হিন্দু, পেশা ব্যবসা, ঠিকানা গ্রাম ও পোঃ জোকা থানা ঠাকুরপুকুর, জেলা দঃ ২৪-পরগনা।

কোবালা দাতা ঃ শ্রী হেমন্ত কয়াল পিতা স্বর্গীয় কাঁদন কয়াল, জাতি হিন্দু, পেশা চাষাদী , ঠিকানা গ্রাম ও পোঃ জোকা, থানা ঠাকুরপুকুর, জেলা দঃ ২৪-পরগনা।

Deb Dutta Mondal

কস্য ৪ নং বিধিমতে রায়ত দখলী স্বত্ববিশিষ্ট স্বত্বের খেরাজী শালি জমিজমা মায় সর্ব্বপ্রকার ইজমেন্ট রাইটাদী সম্পূর্ন নির্দ্দায়, নির্দ্দোষ ও খাস দখল থাকাবস্থায় সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগেঃ

জেলা দক্ষিন ২৪ পরগনা, থানা ও এ.ডি.এস.আর. অফিস বেহালা, পরগনা খাসপুর, ১৪ নং তৌজীর অন্তর্গত, মৌজা হাঁসপুকুরিয়া, জেঃ এলঃ নং ২০, রেঃ সাঃ নং ৩৬, পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা দক্ষিন ২৪-পরগনা কালেক্টর বাহাদুর অধীনে সাবেক ১৭৭ নং খতিয়ান হইতে খন্ড জমিদারী গ্রহণ আইনের ৬ ধারানুসারে আরঃ এসঃ ৫৭৮ নং খতিয়ানে একজমাভুক্ত ১২-৬৮ শতক জমির কাত বার্ষিক খাজনা ৫২ ধারামতে ৩০.৫০ টাকা করের জমাজমির মধ্যে হাল এলঃ আরঃ ১২০৫ নং খতিয়ানভুক্ত আরঃ এসঃ ৫১৫ নং দাগের স্থলে এলঃ আরঃ ৭৩২ নং দাগে শালি ০৬ শতক ১৬৬৭ অংশে .০১ শতক ও সাবেক ৫১৬ নং দাগের স্থলে এলঃ আরঃ ৭৩৩ নং দাগে ৪৫ শতক ০৮৩৩ অংশে ০৪ শতক দুইটি দাগে ০৫ শতক জমিজমা যাহা আমি পৈতৃক ওয়ারেশ সূত্রে প্রাপ্ত হইয়া এলঃ আরঃ জরীপে স্বনামে রেকর্ড করাইয়া নিরূপীত খাজনাদী আদায়ে অন্যের বিনা স্বত্ত্ব-সংস্রবে নির্ব্বিবাদে খাসে ভোগদখলীকার আছি ও উহাই অত্র দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে।

এক্ষনে নিজ হিতার্থে ও নানাবিধ বৈধ কারণে এককালীন নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় উক্ত ও নিম্ন তপশীল বর্নিত ০৫ শতক জমিজমা সম্পুর্ন নির্দায় ও নির্দোষ অবস্থায় বিক্রয় করিবার প্রস্তাব ও প্রচার করিলে আপনি অত্র দলিল গ্রহীতা উহা খরিদ করিতে ইচ্ছুক হইলে উক্ত সম্পত্তির বর্তমান বাজার দর সময়ের সর্বোর্চ্চ মূল্য যাচাইমতে বেলমোক্তা ১,২৫,০০০ এক লক্ষ পঁচিশ হাজার টাকা পন ধার্য্যতায় ও নিম্ন জায়মত এককালীন নগদ গ্রহনে উহা

Deb Dutta Mondal

আপনাকে বিক্রয় করিয়া চিরতরে নিঃস্বত্ব হইলাম ও স্বত্ব-দখলাদি অদ্যই আপনার অনুকুলে পরিত্যাগ করিলাম।

অত্র বিক্রীত সম্পত্তিতে আমার যে কিছু স্বত্ব-সামিত্ব, লভ্য-অধিকার দাবী-দাওয়া হক-হকিয়ৎ ছিল বা আছে এবং ভবিষ্যতে যে কিছু স্বত্ব-সামিত্ব উদ্ভব হইতে পারিত তৎসমুদয় অত্র সাফ বিক্রয় কোবালার বনিয়াদে রদ-রহিত, ধ্বংস ও লুপ্ত হইয়া সম্পূর্ণরূপে আপনাতে বর্তাইল।

আপনি অদ্যকার তারিখ হইতে আমার বিক্রীত সম্পত্তির সম্পূর্ন নিব্যূঢ় স্বত্বের ষোল আনা রকম স্বত্ববান হইয়া দান,বিক্রয় হস্তান্তরাদী ও রুপান্তরাদীর সর্ববিধ স্বত্বের ক্ষমতা যুক্তে মালিক ও হকদার হইয়া স্বনামে নিরূপীত খাজনাদি আদায় দিয়া পুত্র পৌত্রাদি ওয়ারিশান মায় স্থলাভিষিক্ত গনক্রমে যদৃচ্ছামতে ভোগ দখল করিতে থাকুন। উহাতে আমার বা আমার পুত্র পৌত্রাদী ওয়ারিশান মায় স্থলাভিষিক্তগনের কোনোপ্রকার দাবী-দাওয়া বা ওজর-আপত্তি চলিবেক না। কস্মিনকালে আমি বা আমার পুত্র পৌত্রাদী ওয়ারিশান মায় স্থলাভিষিক্ত গনেরা কেহ কখনও কোনোপ্রকার দাবী-দাওয়া বা ওজর-আপত্তি করি কিংবা অন্য কেহ করে তাহা অত্র সাফ বিক্রয় কোবালা বনিয়াদে সর্বত্র বাতিল নামঞ্জুর ও সর্ব্বাদালতে সর্ব্বোতভাবে অগ্রাহ্য হইবেক।

প্রকাশ থাকে যে অত্র দলিলের লিখিত সম্পত্তি বা উহার কোনো অংশ আমি ইতিপূর্ব্বে অন্য কাহারও নিকট কোনোপ্রকার দায়-সংযোগ আদি বা হস্তান্তরাদী করি নাই বা করা নাই। বা উহা কাহাকেও জীবন স্বত্ব বা নিঃস্বত্বে দান করি নাই বা কোনো দেবসেবায় অর্পণ করি নাই। উহা কোনো ঋণের দায়ে বা কাহারও জামিনেতে আবদ্ধ নাই। বা উহা বিক্রয়ের কোনো নিষেধাজ্ঞা জারী নাই বা ল্যান্ড একুাইজিশান বা রিকুাইজিশানের অন্তর্ভুক্ত নহে বা কোনো মামলা মোকদ্দমার বিষয়ভুক্ত সম্পত্তি নহে। উহা সম্পূর্ন নির্দায়, নির্দোষ ও খাস দখল থাকা

Deb Dutta Mondal

অবস্থায় আপনাকে বিক্রয় করিলাম ও অদ্যই দখল দিলাম। ভবিষ্যতে দায়-সংযোগ আদি বা হস্তান্তর আদি প্রকাশ পাইয়া আপনার খরিদা স্বত্বের মালিকী স্বত্ব-দখল পরিচালনে. বিঘ্ন ঘটে অমি মায় পুত্র পৌত্রাদী ওয়ারিশানগনক্রমে মাফিক আইনামলে আসিয়া আপনার যাবতীয় ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকিলাম ও থাকিল।

আরও প্রকাশ থাকে যে, অত্র দলিলার্থে কোনোপ্রকার ভূল-ভ্রান্তি পরিলক্ষিত হইলে অমি মায় ওয়ারিশনগনক্রমে বিনা দাবীতে সংশোধন পত্র দলিল আপনার খরচায় যথারীতি সহি সম্পাদনে রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিলাম ও থাকিল।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে অত্র দলিলের মর্ম্ম অবগত হইয়া ও পনের লিখিত সমস্ত টাকা নিম্নের জায়-মোতাবেক নগদ বুঝিয়া পাইয়া স্বেচ্ছায় সজ্ঞানে যথারীতি সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি সন ১৪১৫ সালের ২৯ শে বৈশাখ মোতাবেক ইংরাজী সন ২০০৮ সালের ১২ ই মে,

## বিক্রীত সম্পত্তির তপশীল ও বিবরনঃ-

জেলা দক্ষিন ২৪ পরগনা, থানা ও এ.ডি.এস.আর. অফিস বেহালা, পরগনা খাসপুর, ১৪ নং তৌজীর অন্তর্গত, জোকা গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত মৌজা হাঁসপুকুরিয়া, জেঃ এলঃ নং ২০, রেঃ সাঃ নং ৩৬, পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা দক্ষিন ২৪-পরগনা কালেক্টর বাহাদুর অধীনে সাবেক ১৭৭ নং খতিয়ান হইতে খন্ড জমিদারী গ্রহণ আইনের ৬ ধারানুসারে আরঃ এসঃ ৫৭৮ নং খতিয়ানে একজমাভুক্ত ১২-৬৮ শতক জমির কাত বার্ষিক খাজনা ৫২ ধারামতে ৩০.৫০ টাকা করের জমাজমির মধ্যে হাল এলঃ আরঃ ১২০৫ নং খতিয়ানভুক্ত রায়ত দখলী স্বত্বের গ্রাম পঞ্চায়েত এলাকাধীনে অবস্থিত জমিজমা যাহা হাল ঠাকুরপুকুর থানার অন্তর্গত ঃ

Deb Datta Mondal

শ্রী হেমন্ত কর্মকার

আরঃ এসঃ ৫১৫ পাঁচ শত পনের নং দাগের স্থলে

এলঃ আরঃ ৭৩২ সাত শত বত্রিশ নং দাগে শালি ০৬ শতক ১৬৬৭ অংশে ০১ শতক।

মং এক শতক জমি মাত্র। যাহার ঃ

| | | | |
|---|---|---|---|
| উত্তর ঃ | অত্র দাগ | দক্ষিন ঃ | দাগ নং ৫১৬ |
| পূর্ব ঃ | দাগ নং ৫১৮ | পশ্চিম ঃ | দাগ নং ৭৭৮ |

আরঃ এসঃ ৫১৬ পাঁচ শত ষোল নং দাগের স্থলে

এলঃ আরঃ ৭৩৩ সাত শত তেত্রিশ নং দাগে শালি ৪৫ শতক ০৮৩৩ অংশে ০৪ শতক।

মং চার শতক জমি মাত্র। যাহার ঃ

| | | | |
|---|---|---|---|
| উত্তর ঃ | অত্র দাগ | দক্ষিন ঃ | ৫১৩ নং দাগ |
| পূর্ব ঃ | অত্র দাগ | পশ্চিম ঃ | গ্রহীতার নিজ |

একুনে একই মৌজায় দুইটি দাগে মোট ০৫ শতক জমিজমা অত্র কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে । মং পাঁচ শতক জমি মাত্র। খাজনা ৫০ পয়সা। মূল্য ১,২৫,০০০ এক লক্ষ পঁচিশ হাজার টাকা মাত্র।উক্ত শালি জমি কৃষিকার্য্যে

**<u>টাকার জায়</u> ঃ-**

অদ্য তারিখে নোটে ও নগদে ১,২৫,০০০ এক লক্ষ পঁচিশ হাজার টাকা বুঝিয়া পাইলাম ও লইলাম ঃ

শ্রী হেমন্ত কর্মকার

Deb Dutta Mondal

অত্র দলিল স্ট্যাম্প সহ ছয় ফর্দ্দ এবং সাক্ষী ৩ জন রহিল।

ই সা দী ঃ-

মুসাবিদাকারক ঃ

শ্রী কিনুরাম মন্ডল

সাং সামালী

লাঃ নং ঃ বি. এন. পি. ২৪

কম্পিউটার টাইপকারক ঃ

শ্রী শম্ভুনাথ ব্যানার্জী

বিষ্ণুপুর এ.ডি.এস.আর.ও.

Government of West Bengal

Department of Finance (Revenue) ,Directorate of Registration and Stamp Revenue

Office of the A. D. S. R. BEHALA, District- South 24-Parganas

Signature / LTI Sheet of Serial No 04229 / 2008 Document Number (I -05113,2008)

I . Signature of the Presentant

| Name of the Presentant | Signature with date |
|---|---|
| Hemanta Kayal | |

II . Signature of the person(s) admitting the Execution

| Sl No | Admission of Execution By | Status | Photo | Finger Print | Signature |
|---|---|---|---|---|---|
| I | Hemanta Kayal<br>PS - Thakurpukur<br>Vill. & P. O. - Joka 24 Pgs.<br>(s) | Self |  |  LTI | |

| Name of Identifier of above Person(s) | Signature of Identifier with Date |
|---|---|
| Somnath Kayal<br>PS-,Vill.' & P. O. - Joka | |

(Santi Kumar RoyChowdhury)
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR (
Office of the A. D. S. R. BEHALA

Government Of West Bengal
Office of the A. D. S. R. BEHALA
BEHALA
Endorsement For deed Number :I-05113 of :2008
(Serial No. 04229, 2008)

---

On 12/05/2008

Admissibility(Rule 43)

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A Article number :23,4 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs.-10/-

Payment of Fees:

Fee Paid in rupees under article : A(1) = 3993/- ,E = 7/- on:12/05/2008

Certificate of Market Value(WB PUVI rules 1999)

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs- 363635/-

Certified that the required stamp duty of this document is Rs 18192 /- and the Stamp duty paid as: Impresive Rs- 5000

Deficit stamp duty

Deficit stamp duty : Rs 13200/- is paid by the draft no. :926071, Draft date:10/05/2008, Bank name:STATE BANK OF INDIA, Rasajunja Sab, recieved on :12/05/2008.

Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1))

Presented for registration at 13.32 on 12/05/2008,at the Office of the A. D. S. R. BEHALA by Hemanta Kayal,Execuiant.

Admission of Execution(Under Section 58)

Execution is admitted on :12/05/2008 by
1. Hemanta Kayal, son of Lt. Kandan Kayal,Vill. & P. O. - Joka,Thana Thakurpukur, By caste Hindu,by Profession :Cultivation
Identified By Somnath Kayal, son of Santosh Kayal Vill. & P. O. - Joka, by caste Hindu,By Profession :Others.

[Santi Kumar RoyChowdhury]
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BEHALA
OFFICE OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BEHALA
Govt. of West Bengal

---



Debi Dutta Mondal

*Certificate of Registration under section 60 and Rule 69.*

Registered in Book - I
CD Volume number 13
Page from 6035 to 6045
being No 05113 for the year 2008.

(Santi Kumar RoyChowdhury) 12-May-2008
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BEHALA
Office of the A. D. S. R. BEHALA
West Bengal

Deb Dutta Mondal

| PHOTO | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name........................................................

Signature ..................................................



| | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name........................................................

Signature দেবব্রত মন্ডল



| | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name ........................................................

Signature শ্রীসুমন্ত কয়াল

| PHOTO | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |

Deb Dutta Mondal

Name ........................................................

Signature ..................................................